



বরিশাল ১ সরকারী মহিলা কলেজ কেন্দ্রে পরীক্ষা তরুর পূর্বে গেটে উদ্ভাসী (ডানে) ঐ কেন্দ্রের বাধকমে নকলের স্থান -ইত্তেফাক

# বাংলা পরীক্ষায় বস্তু বস্তু নকল উদ্ধার

প্রশ্নপত্র ফাঁস ॥ মোবাইল আটক ॥ বহিষ্কৃত দেড় সহস্রাধিক

রেজানুর রহমান । গতকাল শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী বাংলা পরীক্ষায় প্রকাশ্যে নকল হয়েছে। গাইবান্ধা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। শিকা প্রতিমন্ত্রী স্বয়ং নীলফামারীতে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে বস্তায় বস্তায় নকল উদ্ধার করেছেন। পরীক্ষার হলে হাতে-নাতে ধরেছেন ২৩ জন নকলবাজকে। বাইরে থেকে উত্তর লিখে

এনে মূল খাতায় সংযোজনের সময় বংপুরে মোকদ্দর হয়েছে একজন পরীক্ষার্থী। বরিশালের আশৈলখাড়ায় পরীক্ষার হলে দু'জন ছাত্রনেতাকে প্রবেশে বাধা দেয়ায় এলাকায় বিক্ষোভ হয়েছে। পরীক্ষায় অসদুপায় অংশগ্রহণের দায়ে সারাদেশে বহিষ্কৃত হয়েছে (সকলে ৭টায় প্রাণ ববর অনুযায়ী) দেড় সহস্রাধিক (২য় পৃঃ ৬-এর কঃ ১ঃ)

## বাংলা পরীক্ষায়

(প্রথম পৃঃ পর)

পরীক্ষার্থী। এবার ডিগ্রী পরীক্ষা উপলক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন নিয়ন্ত্রণ কক্ষ খোলেনি।

গাইবান্ধা সংবাদদাতা জানান, গতকাল শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অর্গাণাইজড ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষায় বাংলা বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে।

সহিষ্কারবাড়ী (ছায়াপাড়া) থেকে সংবাদদাতা ॥ সহিষ্কারবাড়ী মাহবুবা সালান মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রে থেকে দরিদ্রপ্রান্ত ম্যাঞ্জিষ্ট্রেট মাহবুবুল আকবরীন দুই বগা নকল উদ্ধার করেন। কলেজের বাধকমেও নকলে সরলাব ছিলো। এছাড়া এই কলেজ কেন্দ্রে বহিরাগতরা চুকতে চাইলে পুলিশ দৃশ লাঠিচার্জ করে।

নোয়াখালী সংবাদদাতা ॥ ডিগ্রীর বাংলা পরীক্ষায় বেগমগঞ্জের আমিনাপাড়া বশিষ্টপুর রহমান ডিগ্রী কলেজ কেন্দ্রে থেকে তিন শিশুকা কামাল হায়দার ও ডিগ্রিলেন টিমের সদস্যরা পরীক্ষার্থীদের কাছ থেকে দু'বগা নকল উদ্ধার করে। এ কেন্দ্রে চাটবিল কলেজের পরীক্ষার্থীরা বই ছিড়ে ব্যাপক হারে নকল নিয়ে কেন্দ্রে প্রবেশ করে। এ কেন্দ্রে ৩৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ কেন্দ্রে ছাড়াও নোয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে ৬০ ঘন, চাটবিল মাহবুব কলেজে ৩০ জনসহ জেলায় অপর ৫টি কেন্দ্রে মোট ১৪৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

নেত্রকোনা সংবাদদাতা ॥ গতকাল শনিবার অনুষ্ঠিত পরীক্ষায় শ্যামগঞ্জ হাফেজ জিয়াউর রহমান কলেজ কেন্দ্রে লুৎফুল্লাহর লুচি (রোল ২৪১৪৭৫) নামের এক পরীক্ষার্থীনের আচরণে কেন্দ্রে এক অস্থিরতার পরিবেশের সৃষ্টি হয়। পরে জানা যায়, সে একজন মানসিক রোগী। তার ডিবিয্যত চিন্তা করে টাফকমে পরীক্ষা দেবার ব্যবস্থা করা হলে সেখানে সে কেন্দ্রের শিক্ষক, পরিদর্শক, পুলিশ ও পিয়নের উপর চড়াও হয় এবং নাহেহাল করে। পরে তাকে ধরে কেন্দ্রে থেকে বের করে তার আত্মীয়ের নিকট পৌঁছে দেয়া হয়।